



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১২৫৪৭৩
MC/১৩২৫২



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/৬৭৪ /পাবনা-১১৬

তারিখঃ ৬.০৮.২০১৯খ্রি.

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- ১) সূত্র : নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/৬৫১/পাবনা-১১৬; তারিখ: ১৬/০৪/২০১৯ খ্রি.
২) সূত্র : নং-০৫.৪৩.৭৬৩৩.০০০.৩৬.০০১.১৯/৪৩০; তারিখ: ২৬/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ফরিদপুর উপজেলাধীন আল্লাহ আবাদ দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে কমিটির ১১ জন নির্বাচিত সদস্য স্বাক্ষর করে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় গত ২৩/০৯/২০১৮ ইং তারিখে মাদ্রাসার সভাপতি নির্বাচনে জনাব মো: সবুজ আকন্দকে নির্বাচিত করা হয়। সভাপতি নির্বাচিত হওয়ার পর থেকে তিনি মাদ্রাসার অমঞ্জল ও ক্ষতি হয় এমন কাজকর্ম করা শুরু করেন। ফলে সভাপতিকে তার পদ থেকে অব্যাহতির জন্য কমিটির সদস্যগণ আবেদন করেন মর্মে অভিযোগে উল্লেখ করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে একখানা প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনাকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় সভাপতির বিরুদ্ধে আনিত ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যের অভিযোগ তদন্তকালে প্রমাণিত হয় মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীদের অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন তার সভাপতি মনোনয়ন বাতিল করা হবে না তার ব্যাখ্যা পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

সভাপতি, আল্লাহ আবাদ দাখিল মাদ্রাসা
আল্লাহ আবাদ, ফরিদপুর, পাবনা

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/

/পাবনা-১১৬

তারিখঃ .০৮.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, পাবনা।
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩. উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনা।
৪. সুপার, আল্লাহ আবাদ দাখিল মাদ্রাসা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অধিকারিতর জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪